

# ST. XAVIER'S SCHOOL PURULIA

SUB : BENGALI LIT.

CLASS : X PHASE : I

আজকের পাঠঃ-

দেবতার জন্ম (শিবরাম চক্রবর্তী)

**মূলভাবঃ-** অসীম ক্ষমতাসালী দেবতাই মানুষের জন্ম অথবা মৃত্যুকে নির্ধারণ করে থাকেন। কিন্তু বাস্তববাদী লেখক শিবরাম চক্রবর্তী তাঁর লেখা “দেবতার জন্ম” ছোট গল্পে সমাজের বাস্তব চেহারাটি তুলে ধরেছেন।

গল্পকথকের বাড়ীর দরজার সামনের সামান্য একটি নুড়ি পাথ ধর্ম ব্যবসায়ীদের জন্য আস্তে আস্তে ত্রিলোকেশ্বর মহাদেবে পরিণত হয়। আবার সব জেনেশুনেও গল্পের গল্প কথক প্রথমে সেই পাথরটিকে দেবতা হিসাবে মেনে না নিলেও পরবর্তীকালে নিজের জীবন বাঁচাবার তাগিদে অন্ধবিশ্বাসের বশবর্তী হয়ে দায়ে পড়ে সেটিকে দেবতা হিসাবে মেনে নেন। এই ভাবে লেখক শিবনাথ চক্রবর্তী তার গল্পের মাধ্যমে দেখিয়েছেন কীভাবে ব্যবসায়িক মুনাফা এবং মৃত্যু ভয়ের থেকে দেবতার জন্ম হয়।

**শব্দার্থঃ-** অস্তিত্ব - অবস্থান, মার্জনা- ক্ষমা, হৃদ্যতা- নিবিড় বন্ধুত্ব, পাথের- পথ চলার খরচ, মর্মান্বিত- দুঃখিত, অভিরুচি- ইচ্ছা, মূঢ়তা- বোকামি

**প্রশ্নঃ-**

“তাই ভাবছি একটা হেস্তনেস্ত হয়ে যাক, হয় ও থাকুক নয় আমি”-।

- কে কথটি বলেছেন ?
- ‘ও’ বলতে কার কথা বলা হয়েছে ?
- বক্তা একথা বলেছেন কেন ?
- সিদ্ধান্ত গ্রহণের পর তিনি কী করলেন ?

**উত্তরঃ-**

- বিখ্যাত হাস্যরস শিল্পী শিবরাম চক্রবর্তীর লেখা দেবতার জন্ম গল্পের থেকে সংকলিত প্রশ্নোক্ত কথটি বলেছেন গল্পের কথক।
- ‘ও’ বলতে গল্প কথকের দরজার সামনে রাস্তার মাঝে পুঁতে থাকা একটি সাধারণ নুড়ি পাথরকে বলা হয়েছে, যেটিতে গল্প কথক প্রায়ই হোঁচট খেতেন।
- বাড়ি থেকে বের হওয়ার সময় গল্প কথক প্রায়ই পাথরটিতে হোঁচট খেতেন। কিন্তু একদিন এই পাথরটি তাকে মৃত্যুর মুখে টেনে আনে। একদিন ঐ পাথরে হোঁচট খেয়ে তিনি এত দ্রুত রাস্তায় ছিটকে এসে পড়েন যে সামনের থেকে একটি গাড়ি আসতে দেখেও নিজেকে সংবরণ করতে পারেননি। ড্রাইভারের হুঁশিয়ারির জন্য সেই যাত্রা তিনি বেঁচে যান। তাই ক্রমশ যেহেতু পাথরটি তার জীবন মরণের সমস্যা হয়ে দাঁড়াচ্ছিল এবং পাথরটির থেকে নিজের জীবন বাঁচানই বেশি বাঞ্ছনীয় বলে তাঁর মনে হয়েছিল। তাই বক্তা একথা বলেছেন।
- জীবন-পথের মাঝখানে সামান্য একটুকরো পাথর যে এমন প্রতিদ্বন্দ্বীরূপে দেখা দেবে গল্পকথক এরূপ কল্পনা কোনদিন করতে পারেন নি। যার ফলে তিনি চিন্তা করলেন পাথরটি থাকলে কথক বেশিদিন বেঁচে থাকবেন কিনা সন্দেহ। তাছাড়া পাথরটির থেকে তার থাকাই বেশি জরুরি। তাই তিনি সিদ্ধান্ত নিলেন এর একটি হেস্তনেস্ত করার।

শুধু সিদ্ধান্ত গ্রহণ নয়- কথক কাজেও লেগে পড়লেন। একদিন সকাল বেলায় তিনি একটি কোদাল জোগাড় করে পাথরটিকে তুলে ফেলার কাজে লাগলেন। এবং বহু পরিশ্রমের পর কথক সেটিকে সমূলে তুলে ফেলতে সক্ষম হলেন। তারপর সেটিকে তিনি রাস্তার এক নিরাপদ কোণে রেখে এলেন।

## বাড়ির কাজ

1. “কোন স্বপ্নটপ্প পেয়েছেন নাকি”
  - a) কার উক্তি ?
  - b) কার প্রতি এই উক্তি ?
  - c) কোন প্রসঙ্গে এই উক্তি ?
  - d) স্বপ্নটপ্প পাওয়ার কথা বক্তা বলেছেন কেন ?

[2+2+3+3=10]
2. “মহাসমারোহেই তিনি এখানে বিরাজ করছেন”।
  - a) কে বিরাজ করছেন ?
  - b) কোথায় তিনি বিরাজ করছেন ?
  - c) কী ভাবে সেখানে তিনি বিরাজ করছেন ?
  - d) প্রথমে তিনি কোথায় কীভাবে বিরাজ করতেন ?

[2+2+3+3=10]
3. “এ যদি জাগ্রত না হয় তবে জাগ্রত আপনি কাকে বলেন”
  - a) কে কাকে প্রশ্নটি করেছিল ?
  - b) কার জাগ্রত হওয়ার কথা এখানে বলা হয়েছে ?
  - c) তিনি যে জাগ্রত তার স্বপ্নে কী যুক্তি বক্তা দিয়েছিল ?
  - d) একথায় শ্রোতার মনে কী প্রতিক্রিয়া ঘটেছিল ?

[2+2+3+3=10]
4. ‘যতই বিজ্ঞানের দোহাই ..... নতমুখে চুপ করে দাঁড়াতে হয়’।
  - a) কে এই কথাটি বলেছেন ?
  - b) কোন প্রসঙ্গে একথা বলেছেন ?
  - c) বক্তার একথা বলার কারণ কী ?
  - d) তিনি কী ভাবে এই উক্তির মত আচরণ করেছিলেন ?

[2+2+3+3=10]

### ব্যাকরণ

#### বই- ভাষা প্রসঙ্গ

বই থেকে মুখস্থ করবে।

1. এক কথায় প্রকাশ ( প থেকে ম পর্যন্ত)
2. সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ ( ধ থেকে শ পর্যন্ত)
3. বাগধারা ( থ থেকে ব পর্যন্ত)

### Writing Skill

1. প্রবন্ধ রচনা কর।

এক বালক শ্রমিকের প্রাত্যহিক জীবন
2. Covid - 19- এর কারণে অনির্দিষ্ট কালের জন্য তুমি গৃহবন্দী। এই অনিচ্ছাকৃত ছুটিতে বাড়ীতে বসে তুমি কেমন ভাবে কাটাচ্ছ সে কথা জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ।

\*\*\*\*\*